



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দপ্তর
বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/সিলেট-৩৫/২০১৮/১৫৬২২

তারিখ: ১৪ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

ফাজিল স্নাতক (অনার্স) আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিষয়ে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে বিয়ানীবাজার কামিল মাদরাসা, বিয়ানীবাজার, সিলেট {BEANIBAZAR KAMIL MADRASAH, EIIN-130163, CODE-18725} এর অধ্যক্ষের ২২.১০.২০২৫ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি-২০২৩, অনুচ্ছেদ-১৩ এর 'গ' অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন ও তৃতীয় সংবিধি-২০২৩, অনুচ্ছেদ-১৩ এর 'ঙ' মোতাবেক নিম্নোক্ত শর্তে ২৮.০১.২০২৬ খ্রি. থেকে ২৭.০১.২০২৯ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ফাজিল স্নাতক (অনার্স) আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিষয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলোঃ

শর্তসমূহ:

- ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে ৪ (চার) বছর মেয়াদি ফাজিল (অনার্স) আল-হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ-এর কার্যক্রম চালু হবে;
- ফাজিল স্নাতক (অনার্স) আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ পরিচালনার জন্য কাম্য সংখ্যক শিক্ষক-শিক্ষার্থী থাকতে হবে;
- শিক্ষার মানোন্নয়নের জন্য মাদরাসায় হোস্টেল ব্যবস্থা থাকতে হবে এবং মাদরাসার অভ্যন্তরের মাঠটি শিক্ষার্থীদের খেলাধুলার জন্য উপযোগী করতে হবে;
- লাইব্রেরিতে বই পড়ার মনোরম পরিবেশ তৈরি করতে হবে এবং লাইব্রেরিতে ফাজিল (স্নাতক) অনার্স আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের জন্য প্রয়োজনীয় সংখ্যক রেফারেন্স বই থাকতে হবে;
- উপাধ্যক্ষসহ ফাজিল (স্নাতক) অনার্স আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের ডিপার্টমেন্ট প্রধানের জন্য আলাদা কক্ষের ব্যবস্থা করতে হবে;
- একক স্বাক্ষরে কোনো কেনাকাটা করা যাবে না। আর্থিক সকল কার্যক্রম ব্যাংকের মাধ্যমে করত: ক্যাশ-কলামনার বই, বিল ভাউচারগুলো যথাযথভাবে পূরণ ও সংরক্ষণসহ প্রতিষ্ঠানের সকল আয় ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গার্বনিং বডি'র অনুমোদন নিতে হবে এবং রিজার্ভ ফান্ডে অর্থের পরিমাণ বৃদ্ধি করতে হবে;
- শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি তাদেরকে কোঁ-কারিকুলার একাডেমিক তথা সাপ্তাহিক জলছা, কেব্রাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
- কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব (আরবি ও ইংরেজি) চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
- মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, সিসি টিভি, ডিজিটাল হাজিরা ও প্রজেক্টরের ব্যবস্থা করতে হবে;
- প্রত্যেক শ্রেণির শিক্ষার্থীর জন্য ডেস কোড ও আইডি কার্ডের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ক্লাসে শিক্ষার্থীদের মূল কিতাব পড়াতে হবে;
- মেয়ে শিক্ষার্থীদের জন্য আলাদা ওয়াশরুম, কমন্সরুম ও নামাজের ব্যবস্থা করার পাশাপাশি ছুটি রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
- প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে


(মোঃ গিয়াস উদ্দীন)

মাদরাসা পরিদর্শক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

বিয়ানীবাজার কামিল মাদরাসা


বিয়ানীবাজার, সিলেট

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/সিলেট-৩৫/২০১৮/১৫৬২২

তারিখ: ১৪ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০;
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১;
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিলে রিপোর্ট করার জন্য);
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইআবি, ঢাকা (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. প্রোগ্রামার, আইসিটি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৬. সভাপতি, বিয়ানীবাজার কামিল মাদরাসা, বিয়ানীবাজার, সিলেট;
৭. অফিস নথি।


(মোহাম্মদ শরীফুল ইসলাম)

সহকারী মাদরাসা পরিদর্শক

মাদরাসা পরিদর্শন দপ্তর